গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা সমবায় কার্যালয়
ঝিকরগাছা, যশোর।

## এক নজরে ঝিকরগাছা সমবায় বিভাগের কার্যক্রমঃ

১) **সমবায় সমিতি নিবন্ধনঃ** ক্ষুদ্র সঞ্চয়, পুঁজি গঠন, লাভজনক খাতে পুঁজি বিনিয়োগ এবং শেয়ারের ভিত্তিতে মুনাফা বন্টন- এ আলোকে সমবায় সমিতি সংগঠনে উদ্বুদ্ধকরণ এবং **সমবায় সমিতি আইন, ২০০১** (সংশোধিত ২০০২ ও ২০১৩) ও **সমবায় সমিতি বিধিমালা, ২০০৪** এর বিধান মোতাবেক ২৯ প্রকার সমবায় সমিতি নির্ধারিত নিবন্ধন ফিসহ নির্ধারিত ফরমে আবেদন প্রাপ্তির ৬০ (ষাট) দিনের মধ্যে নিবন্ধন করা হয়। এ ছাড়া নির্ধারিত ফরমে আবেদন প্রাপ্তির ৬০ (ষাট) দিনের মধ্যে সমবায় সমিতির উপ-আইন (গঠনতন্ত্র) এর সংশোধনী নিবন্ধন করা হয়।

২) **বার্ষিক বিধিবদ্ধ নিরীক্ষা সম্পাদনঃ** প্রত্যেকটি সমবায় সমিতি বছরে একবার নিরীক্ষা করা হয় এবং নিরীক্ষা প্রতিবেদন পর্যালোচনা করে তদন্তপূর্বক (প্রযোজ্য ক্ষেত্রে) সংশ্লিষ্ট সমিতির বিরুদ্ধে প্রয়োজনীয় আইনগত ব্যবস্থা গ্রহণ করা হয়।

৩) **পরিদর্শনঃ** প্রত্যেক মাসে নির্ধারিত সংখ্যক সমবায় সমিতি পরিদর্শন করা হয়। পরিদর্শন প্রতিবেদন পর্যালোচনা করে সংশ্লিষ্ট সমিতিকে পরামর্শ প্রদানসহ যথাযথ ক্ষেত্রে সমিতির বিরুদ্ধে প্রয়োজনীয় আইনগত ব্যবস্থা গ্রহণ করা হয়।

৪) **তদন্তঃ** সমবায় সমিতি বা উহার ব্যবস্থাপনা কমিটির বিরুদ্ধে প্রাপ্ত অভিযোগ আইনের বিধান মোতাবেক তদন্ত করতঃ দ্রুত প্রয়োজনীয় আইনগত ব্যবস্থা গ্রহণ করা হয়।

৫) **বিরোধ নিষ্পত্তিঃ** আইন ও বিধি মোতাবেক নির্ধারিত সময়ের মধ্যে সমবায় সমিতির যাবতীয় বিরোধ নির্ধারিত কোর্ট ফি প্রাপ্তি সাপেক্ষে নিষ্পত্তি করা হয়।

৬) **অবসায়ন ও নিবন্ধন বাতিলঃ** আইন ও বিধি মোতাবেক অকার্যকর সমবায় সমিতি অবসায়নে ন্যস্ত করা হয় ও অবসায়কের প্রতিবেদন প্রাপ্তির পর উক্ত সমবায় সমিতির নিবন্ধন বাতিল করা হয়। প্রযোজ্য ক্ষেত্রে অকার্যকর সমবায় সমিতির নিবন্ধন সরাসরি বাতিল করা হয়।

৭) **ব্যবস্থাপনা কমিটি নিয়োগ ও বহিস্কারঃ** আইন ও বিধি মোতাবেক প্রযোজ্য ক্ষেত্রে সমবায় সমিতিতে অর্ন্তবর্তী ব্যবস্থাপনা কমিটি নিয়োগ করা হয় এবং ব্যবস্থাপনা কমিটির বিরুদ্ধে প্রাপ্ত অভিযোগ তদন্ত সাপেক্ষে প্রমাণিত হলে দায়ী ব্যবস্থাপনা কমিটি বা উহার সদস্যকে বহিস্কার করা হয়।

৮) **নির্বাচন কমিটি নিয়োগঃ** সকল কেন্দ্রীয় সমবায় সমিতি এবং ৫০,০০০/- (পঁঞ্চাশ হাজার) টাকার বেশী পরিশোধিত শেয়ার মূলধন বিশিষ্ট প্রাথমিক সমবায় সমিতির নির্বাচন অনুষ্ঠানের জন্য নির্বাচন কমিটি নিয়োগ করা হয়।

৯) **নির্বাচন সংক্রান্ত আপীল নিষ্পত্তিঃ** জেলা ব্যাপী এবং উহার কর্ম এলাকা বিশিষ্ট সকল প্রাথমিক সমবায় সমিতির নির্বাচনে মনোনয়নপত্র বৈধ কিংবা বাতিল ঘোষণা সংক্রান্ত আপীল নির্ধারিত কোর্ট ফি প্রাপ্তি সাপেক্ষে বিধি মোতাবেক নিষ্পত্তি করা হয়।

১০) **নন-ট্যাক্স রাজস্ব আদায়ঃ** আইন ও বিধি মোতাবেক নিবন্ধন ফি এবং বার্ষিক নিরীক্ষা ফি (সমিতির বার্ষিক নীট লাভের ১০০ টাকা বা উহার অংশ বিশেষের জন্য ১০ টাকা হারে সর্বোচ্চ ১০০০০ টাকা) ধার্য ও আদায় করা হয়।

১১) **সমবায় উন্নয়ন তহবিল আদায়ঃ** আইন ও বিধি মোতাবেক বার্ষিক নিরীক্ষার ভিত্তিতে সমবায় উন্নয়ন তহবিল (নীট লাভের ৩% হারে) ধার্য ও আদায় করা হয়।

১২) **প্রত্যায়িত অনুলিপি বা নকল সরবরাহঃ** বিধি মোতাবেক কোর্ট ফিসহ আবেদন প্রাপ্তি সাপেক্ষে এ দপ্তরে সংরক্ষিত সমবায় সমিতির যে কোন রেকর্ড বা দলিলের প্রত্যায়িত অনুলিপি বা নকল সরবরাহ করা হয়।

১৩) **বার্ষিক বাজেট অনুমোদনঃ** আইন ও বিধি মোতাবেক প্রযোজ্য ক্ষেত্রে সমবায় সমিতির বার্ষিক বাজেট অনুমোদন করা হয়।



CamScanner

১৪) **বার্ষিক বিনিয়োগ প্রস্তাব অনুমোদনঃ** প্রাথমিক সমবায় সমিতির ক্ষেত্রে বার্ষিক ৫ (পাঁচ) লক্ষ্যে এবং কেন্দ্রীয় সমিতির ক্ষেত্রে বার্ষিক ১০(দশ) লক্ষ টাকার বেশী বিনিয়োগের প্রকল্প প্রস্তাব আইন ও বিধি মোতাবেক অনুমোদন করা হয়।

১৫) **প্রশিক্ষণঃ** এ দপ্তরের প্রশিক্ষণ ইউনিট কর্তৃক জেলাধীন নিবন্ধন প্রত্যাশি প্রত্যেকটি সমবায় সমিতির সদস্যগণকে **সমবায়** এবং **সমবায় সমিতি আইন, ২০০১** (সংশোধিত ২০০২ ও ২০১৩) ও **সমবায় সমিতি বিধিমালা, ২০০৪** এর বিধান সম্পর্কে নিবন্ধন পূর্ব প্রশিক্ষণ প্রদান করা হয়। আগ্রহী সমবায় সমিতিগুলোকে ভ্রাম্যমান প্রশিক্ষণের আওতায় হিসাব সংরক্ষণ ও সমিতি ব্যবস্থাপনা সংক্রান্ত প্রশিক্ষণ প্রদান করা হয়। এ ছাড়া বাংলাদেশ সমবায় একাডেমী, কোটবাড়ী, কুমিল্লা ও আঞ্চলিক সমবায় প্রশিক্ষণ ইন্সটিটিউট, খুলনায় সমবায় ব্যবস্থাপনা, হিসাব রক্ষণ পদ্ধতি, আয়-বর্ধক ট্রেড ভিত্তিক প্রশিক্ষণ কোর্সে জেলাধীন সমবায়ীগণকে প্রশিক্ষণার্থী হিসেবে মনোনয়ন প্রদান করা হয়। প্রশিক্ষণকালে সঞ্চয়ের গুরুত্ব ও পুঁজি গঠণের কৌশলসহ সমবায়ীগণকে বিভিন্ন সামাজিক গুরুত্বপূর্ণ বিষয়, সমস্যা ও সমাধান সম্পর্কে সচেতনতা সৃষ্টি, ধারণা বিনিময় ও নাগরিক দায়িত্ব সম্পর্কে অনুপ্রাণিত করা হয়।

১৬) **তদারকি ও পরিচর্যাঃ** জেলাধীন অধিক কার্যকর সমবায় সমিতিগুলোকে মাসিক ভিত্তিতে তদারকি ও পরিচর্যা করা হয়। আর্থ-সামাজিক উন্নয়নে পরিকল্পনা গ্রহণ ও বাস্তবায়নে এ সমিতিগুলোকে পরামর্শ প্রদান করা হয়।

১৭) **আশ্রয়ন প্রকল্পঃ** উপজেলাধীন ২টি আশ্রয়ন ফেইজ-২ প্রকল্পে প্রদত্ত ঋণের সাপ্তাহিক কিস্তি আদায় করা হয়।

১৮) **"উন্নত জাতের গাভী পালনের মাধ্যমে সুবিধাবঞ্চিত মহিলাদের জীবনযাত্রার মান উন্নয়ন শীর্ষক** প্রকল্পের আওতায় ৪% হারে **২৯৬** জন সুবিধাভোগিকে সদস্য প্রতি ১,০০,০০০/- টাকা করে মোট ক্রমপুঞ্জিভূত ঋণের পরিমান ৫,৬৩,০০,০০০/-টাকা (পাঁচ কোটি তেষট্টি লক্ষ) টাকা ঋন বিতরণ করা হয়েছে। ২৫/০২/২০২৫ তারিখ পর্যন্ত সুবিধাভোগিদের নিকট থেকে ৩,৬৪,৮৩,০০০/- (তিন কোটি চৌষট্টি লক্ষ তিরাশি হাজার) টাকা আসল এবং ২৭,৬৩,০০০/-(সাতাষ লক্ষ তেষট্টি হাজার) টাকা সার্ভিস চার্জ আদায় করা হয়েছে।

১৯) **অন্যান্য প্রকল্পঃ** সমবায় অধিদপ্তরের আইসিটি ও ই-সিটিজেন সার্ভিস উন্নয়ন প্রকল্প (চলমান), ফ্যামিলি ওয়েলফেয়ার প্রকল্প (সমাপ্ত), সমবায় অধিদপ্তরকে শক্তিশালীকরণ প্রকল্প (সমাপ্ত), দুগ্ধ প্রকল্প (চলমান) এবং এলজিইডি ও সমবায় অধিদপ্তর কর্তৃক যৌথভাবে ক্ষুদ্র পানি ব্যবস্থাপনা প্রকল্প (২য় ফেইজ) (চলমান) এর বাস্তবায়ন কাজ করা হয়।

২০) **অভিযোগ নিষ্পত্তিঃ** সমবায় সমিতি কিংবা বিভাগীয় কর্মকর্তা-কর্মচারীর বিরুদ্ধে প্রাপ্ত যে কোন অভিযোগ যথাযথ প্রক্রিয়া অনুসরণ করে নিষ্পত্তি করা হয়।

২১) **সমবায় সমিতি আইন ও বিধিমালা অনুযায়ী অন্যান্য দায়িত্ব পালনঃ** নিবন্ধক ও মহাপরিচালক, সমবায় অধিদপ্তর, ঢাকা মহোদয় কর্তৃক অর্পিত ক্ষমতা অনুযায়ী সমবায় সমিতি আইন ও বিধিমালার অধীন ক্ষমতা প্রয়োগ ও দায়িত্ব পালন করা হয়।

২২) **বিভাগীয় আর্থিক ও প্রশাসনিক দায়িত্ব পালনঃ** যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক অর্পিত আর্থিক ও প্রশাসনিক ক্ষমতা অনুযায়ী জেলা সমবায় অফিসার, যশোর এর নিয়ন্ত্রণে এবং সরকার কর্তৃক সময়ে সময়ে প্রদত্ত অন্যান্য দায়িত্ব পালন করা হয়।

২৩) **উন্নয়ন সমন্বয়কের দায়িত্ব পালনঃ** ঝিকরগাছা উপজেলা সমবায় অধিদপ্তরের নির্বাহী প্রধান হিসেবে উপজেলা উন্নয়ন সমন্বয় কমিটিতে সমবায় অধিদপ্তরের যাবতীয় কর্মকান্ডের সমন্বয় সাধন করা হয়।

২৪) **তথ্য প্রদানঃ** প্রচলিত আইন ও বিধি মোতাবেক প্রাপ্ত আবেদনের আলোকে নির্ধারিত সময়ের মধ্যে প্রত্যাশিত তথ্য প্রদান করা হয়।

২৫) প্রতি সপ্তাহে বুধবার গণশুনানী গ্রহণ করা হয়।

[illegible]

Shahnewaz, o/a.17